



তারিখ: ১২ আশ্বিন ১৪৩৩
২৭ সেপ্টেম্বর ২০২৬

নম্বর: ২৩.০০.০০০০.০০০.০৩০.১২.০০০১.২৬.১৫৫

প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ের ১৬ সেপ্টেম্বর ২০২৬ তারিখের ৮০.০০.০০০০.১০৪.০১২.২১.২৫-১৫৬, নম্বর স্মারকের সুপারিশ অনুসারে, গুপ্তসংকেত পরিদপ্তর (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৫ অনুযায়ী পদোন্নতির কোটায় পূরণযোগ্য উক্ত পরিদপ্তরের ‘সহকারী সাইফার অফিসার’-এর ০১(এক)টি শূন্যপদে সাইফার সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক জনাব তসলিমুল হক সরকার-কে জাতীয় বেতনস্কেল ২০১৫-এর ১০ম গ্রেড, টাকা ১৬০০০-৩৮৬৪০/- বেতনক্রমে অস্থায়ী ভিত্তিতে নিম্নোক্ত শর্তে পদোন্নতি প্রদান করা হলো:

(ক) ইতোমধ্যে সংশ্লিষ্ট বিষয়ে আদালতে কোনো মামলার স্থগিতাদেশ/পদ সংরক্ষণের আদেশ/বিভাগীয় মামলা হয়ে থাকলে তা নিষ্পত্তি বা এতদসংক্রান্ত সকল আদেশ প্রতিপালন সাপেক্ষে পদোন্নতি কার্যকর হবে;

(খ) গুপ্তসংকেত পরিদপ্তর (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৫ এর অনুচ্ছেদ-৬(১)(খ) বিধি অনুযায়ী যোগদানের তারিখ থেকে তিনি ০১(এক) বছর শিক্ষানবিশ হিসাবে নিয়োজিত থাকবেন, তবে কর্তৃপক্ষ প্রয়োজনবোধে শিক্ষানবিশীর মেয়াদ ০১(এক) বছর বৃদ্ধি করতে পারবে;

(গ) শিক্ষানবিশ থাকাকালে তাঁর আচরণ ও কর্ম সন্তোষজনক বলে বিবেচিত না হলে অথবা পদোন্নতিপ্রাপ্ত পদে বহাল থাকার জন্য প্রয়োজনীয় দক্ষতা অর্জন করতে না পারলে কর্তৃপক্ষ তাঁকে পূর্বতন পদে পদাবনতি (revert) করতে পারবে; এবং

(ঘ) সন্তোষজনকভাবে শিক্ষানবিশীর মেয়াদ পূর্তি এবং সংশ্লিষ্ট নিয়োগ বিধিমালার ৬ নম্বর বিধিতে বর্ণিত শর্তাদি পূরণসাপেক্ষে তাঁর চাকরি স্থায়ীকরণের বিষয় বিবেচনাযোগ্য হবে।

২। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

২৭-০৯-২০২৬

মোঃ ভাষানী মিজা

সহকারী সচিব

ফোন : ০২-২২২২৪৪১৬৭

ইমেইল : d3@mod.gov.bd

নম্বর: ২৩.০০.০০০০.০০০.০৩০.১২.০০০১.২৬.১৫৫/১ (৮)

তারিখ: ১২ আশ্বিন ১৪৩৩
২৭ সেপ্টেম্বর ২০২৬

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, বিপিএসসি, আগারগাঁও, ঢাকা (বার্ষিক গোপনীয় অনুবেদনের প্রাপ্তি স্বীকারসহ)।
- ৩। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়।
- ৪। পরিচালক, গুপ্তসংকেত পরিদপ্তর, ঢাকা (বার্ষিক গোপনীয় অনুবেদনসমূহ ফেরতসহ)।
- ৫। উপপরিচালক, ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (গেজেটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। সিএএফও, সিএএফও, প্রতিরক্ষা মন্ত্রণালয়, এইচবিএফসি ভবন, ২২ পুরানা পল্টন, ঢাকা।
- ৭। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, প্রতিরক্ষা মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৮। জনাব তসলিমুল হক সরকার, সাইফার সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, গুপ্তসংকেত পরিদপ্তর, ঢাকা।



(Signature)

২৭-০৯-২০২৬
মোঃ ভাষানী মির্জা
সহকারী সচিব